উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# ভাণ্ডারিয়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ মিরাজুল ইসলাম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ভাণ্ডারিয়া, পিরোজপুর। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ ও সময় | ঃ | ১৪/০৯/২০২১ খ্রিঃ, সকাল ১২:৩০ মিঃ। |
| উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) | ঃ | পরিশিষ্ট-'ক' |
| অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট-'খ' |

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভাণ্ডারিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানএবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত ঃ সভায় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের বিভাগওয়ারী কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান হয় ঃ

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বলেন ভান্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১০০ শয্যা বিশিষ্ট হলেও কার্যক্রম চলছে ৫০ শয্যার। স্বাস্থ্য কমপ্লেক্সের পরিচ্ছন্নতা কর্মি কম মাত্র ২ জন। ভান্ডারিয়া উপজেলার ভ্যাকসিনের চাহিদা পত্র দেওয়া হয়েছে। সামনে আবারও একযোগে টিকা কার্যক্রম পরিচালিত হবে। এ ছাড়া তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ২ | **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বিআরডিবি ভবন স্থাপনের নির্ধারিত জায়গায় তার দপ্তরের পরিত্যক্ত মালামাল অপসারন/নিলামের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। অনুমতি পেলে নিলাম করা হবে। | তার দপ্তরের পরিত্যক্ত মালামাল জরুরী ভিত্তিতে অপসারণ করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৩ | **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ভান্ডারিয়া উপজেলা তার দপ্তরের মাধ্যমে ঘাষ চাষের কার্যক্রম চলমান রয়েছে। সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৪ | **উপজেলা মৎস্য দপ্তর ঃ** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে মৎস্য পোনা অবমুক্ত করা হয়েছে। মৎস্য কার্ডের তালিকা যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউপি সদস্য ও গ্রাম পুলিশদের সমন্বয়ে মৎস্য কার্ড যাচাই বাছাই করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | **উপজেলা প্রকৌশলীর দপ্তরঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান অনগ্রসর উপজেলা/প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা/কোভিড-১৯ প্রতিরোধ ইত্যাদি বিবেচনায় মাননীয় মন্ত্রী মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী অত্র উপজেলায় করোনা ভাইরাসের বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদান) গ্রহণের জন্য অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে ৩.২৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে মালামাল ক্রয় পূর্বক বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | প্রাপ্ত বরাদ্দ থেকে কোর্টেশনের মাধ্যমে তিন স্তর বিশিষ্ট মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৬ | **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| ৭ | **উপজেলা সমাজসেবা দপ্তর ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন অত্র উপজেলায় যে সমস্ত এতিম খানায় এতিম নাই তাদেরকে কোন প্রকার টাকা পয়সা প্রদানের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজনীয়। | প্রতিটি এতিমখানা নিয়মিত পরিদর্শন করে তাদের বরাদ্দ প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়। বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | সমাজসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন ৫৪৪ দিন পর শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হয়েছে। ধাপে ধাপে শ্রেনি ভিত্তিক ক্লাশ শুরু হচ্ছে। তিনি আরও জানান যে অনেক শিক্ষা প্রতিষ্ঠানে বসার বেঞ্চ সংকট রয়েছে। উপজেলা পরিষদ থেকে যদি শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করা হয় তাহলে ভালো হয়। এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কাছে শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করার জন্য অনুরোধ করেন। দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | প্রাথমিক ও মাধ্যমিক স্তরে যে সকল বিদ্যালয়ে বেঞ্চ সংকট রয়েছে তার তালিকা করে উপজেলা পরিষদে সভায় দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়। বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৯ | উপজেলা শিক্ষা দপ্তর ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন ভান্ডারিয়া উপজেলায় ১৬৫টি সরকারি প্রথমিক বিদ্যালয় রয়েছে। সকলের সহযোগিতায় প্রায় ১৭ মাস পরে স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু করা হয়েছে। ১৪৪ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সমস্যার বিষয়টি দেখার জন্য সভায় অনুরোধ করা হয়। এছাড়া তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তার দপ্তরে একটি ওয়াশ রুম স্থাপন করার জন্য সভায় অনুরোদ জানান। | উপজেলা পরিষদ কর্তৃক যুব উন্নয়ন কর্মকর্তার দপ্তরে একটি ওয়াশ রুম করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন ভান্ডারিয়া উপজেলা কয়েকটি সমিতিতে অনুদান পাওয়া গিয়াছে। মাননীয় সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতিতে অনুদান বিতরন করা হবে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় দপ্তর ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন তার দপ্তরটি সংস্কার করা জরুরী। এছাড়া তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। উপজেলা পরিষদ থেকে অফিস সংস্কার করে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নলকূপের বরাদ্দ প্রদানের জন্য তালিকা প্রদানের অনুরোধ করেন। এছাড়া যদি কেউ ৩০ শতাংশ জমি দান করেন তাহলে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট বরাদ্দ আনা সম্ভব। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। তালিকা প্রদানের জন্য চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | উপজেলা বন বিভাগ ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি ০১ সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮ | পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৯ | আনসার ও ভিডিপি কর্মকর্তাঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২০ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান তাদের এম্বুলেন্স সার্ভিস আছে। বর্তমানে অফিসের টিএন্ডটি নম্বরটি নষ্ট থাকায় সকলকে ০১৭১৮১৫৪১৫৪ ও ০১৭৪৯৪৮২৮১২ নম্বরে ফোন করার জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২১ | আমার বাড়ী আমার খামার প্রকল্প ঃ সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প সভায় জানান তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমন্বয়কারী |
| ২২ | ওজোপাডিকোঃ আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো সভায় জানান মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশনায় মুজিববর্ষে আশ্রয়ন প্রকল্পের ঘর সমূহ জরুরী ভিত্তিতে বিদ্যুৎ প্রদানের লক্ষ্যে সংযোগ স্থাপন করা প্রয়োজন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো |
| ২৩ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশনায় মুজিববর্ষে আশ্রয়ন প্রকল্পের ঘর সমূহ জরুরী ভিত্তিতে বিদ্যুৎ প্রদানের লক্ষ্যে সংযোগ স্থাপন করা প্রয়োজন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | চেয়ারম্যান, ধাওয়া ইউনিয়ন পরিষদ বলেন কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ভুয়া সার্টিফিকেট প্রদান করেন। যা দিয়ে বিভিন্ন রকমের দুর্নিতীর আশ্রয় নেয়। এই ভুয়া/জাল সার্টিফিকেট যাতে কেউ না নিতে পারে সে বিষয়ে সকলকে সর্তক থাকার জন্য অনুরোধ করেন। | সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে সর্তক দৃস্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সকল। |

**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্প নির্বাচন ঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৫ম পর্যায়ের উপজেলা পরিষদের কর্মদক্ষতা মূল্যায়নে ভান্ডারিয়া উপজেলা নির্বাচিত হয়েছে এবং ২০২০-২১ অর্থবছরের ৫০.০০ লক্ষ্য টাকা বরাদ্ধ পেয়েছে, যার মধ্যে ১০ লাখ টাকা প্রশিক্ষনের জন্য ব্যয় হবে এবং বাকী ৪০ লক্ষ টাকা অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পে ব্যয় করা হবে, তারই ধারাবাহিকতায় প্রকল্প পরিচালক মহোদয় অবকাঠামো উন্নয়ন এবং সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প প্রস্তাবনা চেয়ে যথাক্রমে গত ৩০/৬/২০২১ এবং ২২/৮/২০২১ খ্রিঃ তারিখে পত্র জারী করেছেন।

সে লক্ষ্যে বিভিন্ন দপ্তর প্রধান, ইউপি চেয়ারম্যান এবং অন্যান্যদের কাছে উপ-প্রকল্প প্রস্তাবনা চাওয়া হলে, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা উপজেলা কমিটি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের জন্য ১টি উপ-প্রকল্প প্রস্তাব জমা দিয়েছেন, যা নিম্নরুপ ঃ

মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীদের পড়ালেখার সুবিধার্থে প্রো-প্রোপাইলিন প্লাষ্টিক বেঞ্চ-২৫০ জোড়া, শ্রেনীকক্ষে ফ্যান -২০০টি (সংযুক্ত তালিকা মোতাবেক ) এবং তেলিখালী মাধ্যমিক বিদ্যালয়ে মেয়েদের জন্য ১টি নতুন রিফ্রেশমেন্ট রুম নির্মান।

এছাড়া যুব ও ক্রিড়া উন্নয়ন, মহিলা ও শিশু উন্নয়ন, কৃষি ও সেচ, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা উপজেলা কমিটি ১টি করে মোট ৭টি এবং প্রশিক্ষণ উপ-প্রকল্প দাখিল করেছেন, যা নিম্নরুপ ঃ

১) আয়বর্ধক কাজে সংযুক্ত করনের জন্য দরিদ্র জনগোষ্ঠীকে সেলাই প্রশিক্ষণ- যুব উন্নয়ন অধিদপ্তর
২) বাল্য বিবাহ প্রতিরোধে নিকাহ নিবন্ধক ও ইমাম পুরোহিতদের ভুমিকা বিষয়ে অবহিতকরন কর্মশালা-মহিলা বিষয়ক দপ্তর
৩) দেশীয় মাল্টা ও বিভিন্ন ধরনের ফলের কলম পদ্ধতিতে চারা উৎপাদন বিষয়ে কৃষক প্রশিক্ষণ- কৃষি সেক্টর
৪) উপজেলার সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের ওয়েব পোর্টাল এবং ই-ফাইলিং বিষয়ে প্রশিক্ষণ- মাধ্যমিক শিক্ষা/আইসিটি
৫) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে এসএমসির সভাপতি এবং সদস্য-সচিবদের ভুমিকা বিষয়ে অবহিতকরন কর্মশালা- প্রাথমিক শিক্ষা
৬) বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অফিসিয়াল প্রকিউরমেন্ট কাজের উপর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ -উপজেলা প্রকৌশল বিভাগ
৭) নির্মাণ কাজের গুনগত মান উন্নয়ন ও নিরাপত্তা নিশ্চিতকরন বিষয়ে নির্মাণ শ্রমিকদের প্রশিক্ষণ-উপজেলা ইঞ্জিনিয়ারিং বিভাগ

উক্ত উপ-প্রকল্পগুলো উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণ করা হয় এবং বাছাই কমিটি উপ-প্রকল্পগুলো যাচাই-বাছাই করে উপরোল্লিখিত সবগুলো প্রকল্পই অগ্রাধিকার মর্মে সর্বসম্মতিক্রমে নির্বাচন করে এবং চুড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা পরিষদের কাছে সুপারিশ আকারে প্রেরণ করেন, যা উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় (প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত) উপ-প্রকল্পগুলো ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়, সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ**

উপস্থাপিত উপ-প্রকল্পগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয় এবং চুড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্পের প্রধান কার্যালয়ে যাবতীয় ডকুমেন্টসহ প্রেরনের সিদ্ধান্ত হয়, এ ক্ষেত্রে উপজেলা প্রকৌশলীকে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের জন্য নিম্নে উল্লেখিত বরাদ্ধ অনুযায়ী ড্রইং ডিজাইনসহ প্রাক্কলন করে অতিশীঘ্র জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়।

**প্রকল্পসমূহ নিম্নরুপ ঃ**

অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প: সংযুক্ত তালিকানুযায়ী বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্লাস্টিক বেঞ্চ সরবরাহ-২৮০ জোড়া (আনুমানিক বরাদ্ধ=২১,০০,০০০/=), ১৪০টি ফ্যান সরবরাহ (আনুমানিক বরাদ্ধ=৪,২০,০০০/=) এবং তেলিখালী মাধ্যমিক বিদ্যালয়ে মেয়েদের জন্য ১টি রিফ্রেশমেন্ট রুম নির্মান (আনুমানিক বরাদ্ধ=১৪,৮০,০০০/=)

প্রশিক্ষণ উপ-প্রকল্প ঃ মোট বরাদ্ধ = মোট বরাদ্ধ = ১০,০০০০০/= (ভ্যাট/ট্যাক্স বাদে) যা ৬টি প্রশিক্ষনের মধ্যে সমন্বয় করা হবে

১) আয়বর্ধক কাজে সংযুক্ত করনের জন্য দরিদ্র জনগোষ্ঠীকে সেলাই প্রশিক্ষণ- মহিলা বিষয়ক দপ্তর
২) বাল্য বিবাহ প্রতিরোধে নিকাহ নিবন্ধক ও ইমাম পুরোহিতদের ভুমিকা বিষয়ে অবহিতকরন কর্মশালা-মহিলা বিষয়ক দপ্তর
৩) দেশীয় মাল্টা ও বিভিন্ন ধরনের ফলের কলম পদ্ধতিতে চারা উৎপাদন বিষয়ে কৃষক প্রশিক্ষণ- কৃষি সেক্টর
৪) উপজেলার সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের ওয়েব পোর্টাল এবং ই-ফাইলিং বিষয়ে প্রশিক্ষণ- মাধ্যমিক শিক্ষা/আইসিটি
৫) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে এসএমসির সভাপতি এবং সদস্য-সচিবদের ভুমিকা বিষয়ে অবহিতকরন কর্মশালা- প্রাথমিক শিক্ষা
৬) বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অফিসিয়াল প্রকিউরমেন্ট কাজের উপর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন-উপজেলা প্রকৌশল বিভাগ।
৭) নির্মাণ কাজের গুনগত মান উন্নয়ন ও নিরাপত্তা নিশ্চিতকরন বিষয়ে নির্মাণ শ্রমিকদের প্রশিক্ষণ-উপজেলা ইঞ্জিনিয়ারিং বিভাগ

চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ভাণ্ডারিয়া সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

মোঃ মিরাজুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
ভাণ্ডারিয়া, পিরোজপুর।

স্মারক নং- ০৫.০০.৭৯১৪.০০৪.০৬.০০১.২০২১-৪২০

তারিখ ঃ ১৪/০৯/২০২১খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। জনাব আনোয়ার হোসেন মঞ্জু, মাননীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-০২।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, পিরোজপুর।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৯। উপজেলা ................................................... কর্মকর্তা, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১০। চেয়ারম্যান ............................. ইউনিয়ন পরিষদ (সকল), ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১১। জনাব .................................................................ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১২। অফিস কপি।

১৪/০৯/২০২১

সীমা রানী ধর
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ভাণ্ডারিয়া, পিরোজপুর।